গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমোহন, ভোলা।
www.lalmahon bhola.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯৫৪.০০০.০৬.০০২.২৫- ৯১ তারিখঃ ২০ পৌষ, ১৪৩২ বঙ্গাঃ
০৪ জানুয়ারী ২০২৬ খ্রিঃ

## ২০(বিশ ) একর পর্যন্ত সরকারি বদ্ধ জলাশয় ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জনানো যাচ্ছে যে, ভোলা জেলাধীন লালমোহন উপজেলার ভৌগোলিক সীমানার মধ্যে অবস্থিত ২০ (বিশ) একর পর্যন্ত নিম্নেবর্ণিত "বদ্ধ" জলমহালসমূহ ইজারা প্রাপ্তির লক্ষ্যে "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯" এর আলোকে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন পূর্বক ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | জলমহালের নাম | দাগ নং | জলমহালের আয়তন | ১৪৩০-১৪৩২ সরকারি ইজারা মূল্য ৫% হারে বৃদ্ধি | ১৪৩৩-১৪৩৫ সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | লালমোহন | রমাগঞ্জ | রমাগঞ্জ -পুকুর | এস,এ খ-০১ দাগ, নং- ১৭৯৫ বি এস,খ নং-০১ দাগ: ৫২৪৮ | ০.৬১ একর (কম/বেশি) | ৫,০০০/- | ৫,৫০০/- | ৫০০/- |
| ০২ | ঐ | চরভূতা | চরলেসুটিয়া পুকুর | বি,এস, খ-০১ দাগ, নং- ৩৬১ | ০.৮০ একর (কম/বেশি) | ৮,৫০০/- | ৯,৩৫০/- | ৫০০/- |
| ০৩ | ঐ | ধলীগৌর নগর | চরমোল্লাজী - পুকুর | এস,এ খ-০১ দাগ, নং- ৪০৭ | ০.৬৭ একর (কম/বেশি) | ৬,৫০০/- | ৭,১৫০/- | ৫০০/- |
| ০৪ | ঐ | পশ্চিম চরউমেদ | পাঙ্গাশিয়া - পুকুর | বি,এস, খ-০১ দাগ, নং- ৩০৭১,৩০৭২ | ০.৭৫ একর (কম/বেশি) | ১০,০০০/- | ১২,০০০/- | ৫০০/- |
| ০৫ | ঐ | পশ্চিম চরউমেদ | গজারিয়া - পুকুর | বি,এস, খ-০১ দাগ, নং- ৬৬৭ | ১.৫১ একর (কম/বেশি) | ২০,০০০/- | ২৪,০০০/- | ১,০০০/- |
| ০৬ | ঐ | পশ্চিম চরউমেদ | গজারিয়া পুকুর | বি,এস, খ-০১ দাগ, নং- ১০৪৮ | ০.৮৭ একর (কম/বেশি) | ৫১,০০০ /- | ৫৬,১০০/- | ১০০০/- |
| ০৭ | ঐ | পশ্চিম চরউমেদ | গজারিয়া-পুকুর | বি,এস, খ-০১ দাগ, নং- ১০৫৫ | ০.৬২ একর (কম/বেশি) | ১০,৫০০/- | ১১,৫৫০/- | ৫০০/- |
| ০৮ | ঐ | পশ্চিম চরউমেদ | পঃ চরউমেদ পুকুর | বি,এস, খ-০১ দাগ, নং- ১৬১৪ | ১.২৫ একর (কম/বেশি) | ১০৫০০/- | ১১,৫৫০/- | ৫০০/- |
| ০৯ | ঐ | ফরাজগঞ্জ | পেশকার হাওলা পুকুর | এস,এ খ-০১ দাগ, নং- ২৩৪১ | ০.৮৪ একর (কম/বেশি) | ৬,৫০০/- | ৭,১৫০/- | ৫০০/- |
| ১০ | ঐ | ধলীগৌর নগর | কুন্ডের হাওলা পুকুর | বি,এস,এ খ-০১ দাগ, নং- ১ দাগ- ৬৩১ | ০.৯৯ একর (কম/বেশি) | ৬,৫০০/- | ৭,১৫০/- | ৫০০/- |

| ক্রঃ নং | তারিখঃ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারী মধ্যে:) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ০২ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানু: থেকে-২৯ জানু:মধ্যে) | অনলাইনে সরকারি জলমহাল ইজারা আবেদন দাখিল। |
| ০৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফ্রেবুয়ারি: থেকে-০৩ ফ্রেবুয়ারি,মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টের কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৪ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফ্রেবুয়ারি: থেকে-১১ ফ্রেবুয়ারি:মধ্যে) | অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত প্রিন্টের কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফ্রেবুয়ারি: থেকে-১৮ ফ্রেবুয়ারি:মধ্যে) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ০৬ ফাল্গুনের থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফ্রেবুয়ারি: থেকে-১১ মার্চের মধ্যে) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৭ ফাল্গুনের থেকে ০২ চৈত্র মধ্যে (১২মার্চ: থেকে-১৬ মার্চের মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিত করণ। |
| ০৮ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্র মধ্যে (১৭ মার্চ- থেকে-২৯ মার্চের মধ্যে) | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ০৯ | ১ বৈশাখ (১৪ এপ্রিল) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

এই মর্মে সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জলমহল ইজারা প্রদানের জন্য ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে মুখবন্ধ (সীলগালাকৃত) খামে বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ (ক) জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমোহন, ভোলা, (গ) সহকারি কমিশনার (ভূমি), লালমোহন, ভোলা এর কার্যালয়, (ঘ) লালমোহন থানা, লালমোহন এবং (ঙ) সোনালী ব্যাংক লিমিটেড, লালমোহন শাখা এর কার্যালয় নির্ধারিত তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত বিক্রয় করা হবে। দরপত্রসমূহ নির্ধারিত তারিখ বেলা ১.৩০ টা পর্যন্ত (ক) জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমোহন, ভোলা, (গ) সহকারি কমিশনার (ভূমি), লালমোহন, ভোলা এর কার্যালয়ের দরপত্র দাখিল সংক্রান্ত বাক্সে গ্রহণ করা হবে।

## -শর্ত সমূহ-

১. উপযুক্ত সূচী অনুযায়ী স্থানীয়ভাবে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি-কে সিডিউল ক্রয় করে আবেদন দাখিল করবেন। তবে আবেদন বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে। উল্লেখ্য কোন জলমহাল ইজারা প্রদানের ক্ষেত্রে কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত(ক) বেকার যুবক; (খ) যুব মহিলা;(গ) বিধবা ও স্বামী পরিত্যক্তা; (ঘ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য; (ঙ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তির সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি সংশ্লিষ্ট পুকুর/জলমহালের ইজারায় অংশগ্রহণ করতে পারবেন।

২. অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে লালমোহন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় রক্ষিত বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে জমা দিতে হবে।

৩. যে কোন প্রকৃত স্থানীয়ভাবে নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।

৪. আবেদন ফরমের সাথে উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা এর অনুকূলে আবেদন ফরমে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে জামানত হিসেবে দাখিল করতে হবে।

CamScanner

৫. মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তার নিকট হতে প্রত্যয়নপত্রসহ বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। উল্লেখ্য নতুন নিবন্ধিত মৎস্যজীবীর ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।

৬. কোন মৎস্যজীবী সমিতির নিকট কোন জলমহালের ইজারা মূল্য বকেয়া থাকলে এবং উক্ত বকেয়া ইজারা মূল্যের জন্য কোন আদালতে সার্টিফিকেট মামলা পেন্ডিং/চলমান থাকলে সংশ্লিষ্ট মৎস্যজীবী সমবায় সমিতির আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না।

৭. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত ইজারা দরপত্র গ্রহীতাকে সিদ্ধান্ত প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে সম্পূর্ণ ইজারার অর্থ পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৮. ইজারা গ্রহীতাকে ১ম, ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পরবর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং অন্যথায় ইজারাদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৯. ইজারা গ্রহীতাকে ৩০০/-(তিনশত) টাকা নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে এবং কেবলমাত্র ইজারা চুক্তি সম্পাদনের পরই সংশ্লিষ্ট জলমহালের দখল ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দেয়া হবে।

১০. ইজারাদার কোন অবস্থাতে মহাল বা মহালের কোন অংশ বিশেষ সাবলীজ প্রদান করতে পারবেন না এবং জলমহাল যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থা আবেদন ফরমে উল্লেখপূর্বক ইজারা গ্রহণ করতে হবে। আবেদন ফরম দাখিলের পূর্বেই সংশ্লিষ্ট জলমহাল সম্পর্কে সরেজমিনে প্রকৃত অবস্থা সঠিকভাবে দেখে আবেদনপত্র দাখিল করতে হবে। পরে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না, কিংবা জলমহালের বর্তমানে আয়তন এবং দখল নামায় উল্লেখিত আয়তনের মধ্যে হেরফের হলেও কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১১. কোন ঘষামাজা বা কাঁটাকাটি বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১২. জলমহাল ইজারা বাংলা সনের যে কোন সময়ে চূড়ান্ত হলে ও নীতিমালা মোতাবেক তার মেয়াদ ঐ সনের ০১ লা বৈশাখ হতে কার্যকর হবে এবং ৩০শে চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। পরবর্তী ০১লা বৈশাখ থেকে নতুন বছরের কার্যক্রম শুরু হবে। ইজারাদার পূর্বের সময়ের খাস আদায়ের অর্থ দাবী করতে পারবেন না।

১৩. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন-কে দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৪. যদি ইজারা গ্রহীতা নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ প্রথম ও দ্বিতীয় বৎসর শেষ হওয়ার পূর্বে যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় বৎসরের নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন তাহলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে এবং কর্তৃপক্ষ নতুন করে সংশ্লিষ্ট জলমহাল ইজারা প্রদান করতে পারবেন। এ ব্যাপারে কোন আপত্তি করা যাবে না।

১৫. ইজারার সমিতিকে সরকারের নির্দেশনা মোতাবেক উদ্ধৃত দরের উপর ১৫% হারে ভ্যাট এবং ১০% হারে আয়কর প্রদান করতে হবে।

১৬. অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বিস্তারিত তথ্যাদি জানা যাবে।

১৭. কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ,বাতিল এবং বাস্তবতার আলোকে প্রয়োজনে বিদ্যমান জলমহালের তফসিল হ্রাস/বৃদ্ধি ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮. বর্ণিত শর্তাবলী ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ আইন,বিধি(যদি থাকে) প্রযোজ্য হবে।

08.07.2024

(মোঃ শাহ আজিজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ইজারা কমিটি
লালমোহন, ভোলা।
মোবা: ০১৭০১-৯৯১৫০৪
মেইল: unolalmohan@mopa.gov.bd

CamScanner

স্মারক নং-০৫.১০.০৯৫৪.০০০.০৬.০০২.২৪-৯১ তারিখঃ ২০ পৌষ, ১৪৩২ বঙ্গাঃ
০৪ জানুয়ারী ২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ,বরিশাল।
০২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) বরিশাল বিভাগ, বরিশাল।
০৩. জেলা প্রশাসক, ভোলা।
০৪. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), ভোলা।
০৫. সহকারী কমিশনার (ভূমি), লালমোহন, ভোলা।
০৬. জেলা তথ্য কর্মকর্তা, ভোলা। দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭. উপজেলা মৎস্য কর্মকর্তা, লালমোহন, ভোলা। তার অধিন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতিকে জানানোর জন্য অনুরোধ করা হলো।
০৮. উপজেলা কৃষি অফিসার, লালমোহন, ভোলা।
০৯. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লালমোহন বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো।
১০. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লালমোহন, ভোলা। তার দপ্তরের নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদকের বরাবরে অত্র দরপত্রে বিজ্ঞপ্তির অনুলিপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১. উপজেলা সমবায় কর্মকর্তা, লালমোহন, ভোলা। তার দপ্তরের নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদকের বরাবরে অত্র দরপত্র বিজ্ঞপ্তির অনুলিপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২. প্রশাসক/চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ (সকল) লালমোহন, ভোলা। তাঁকে তার এলাকার সকল হাট বাজার এবং গুরুত্বপূর্ণ স্থান সমূহে মাইক/ঢোল সহরতের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।
১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..................ইউনিয়ন ভূমি অফিস। তাকে তার এলাকাধীন সকল হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪. সম্পাদক, ......................দরপত্র বিজ্ঞপ্তির তার পত্রিকায়................খ্রি. তারিখের মধ্যে স্বল্প পরিসরে প্রয়োজনীয় কলামে ভিতরের পাতায় ১ দিনের জন্য প্রকাশ পূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে পত্রিকার দুইটি কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
১৫. জনাব, ........................................
১৬. অফিস কপি।

০৪/০১/২০২৬

(মোঃ রেজওয়ানুল হক)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ইজারা কমিটি
লালমোহন, ভোলা।

CamScanner